'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2024

## GE2-P1-BENGALI

## বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ও ভাষাতাত্ত্বিক টীকা

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের যে-কোনো তিনজন পণ্ডিতের নাম উল্লেখ করে তাঁদের রচিত একটি করে রচনার নাম লেখো।

(খ) বাংলা ত্রয়ী মহাকাব্য কী কী ? এগুলি কার লেখা ?

(গ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঐতিহাসিক উপন্যাস কোনটি ? এটি কার লেখা এবং কবে প্রকাশিত হয় ?

(ঘ) দীনবন্ধু মিত্রের তিনটি প্রহসনধর্মী নাটকের নাম লেখো।

(ঙ) স্বরসংগতি কাকে বলে ? উদাহরণসহ এর প্রকারভেদগুলির নাম উল্লেখ করো।

(চ) বর্ণবিপর্যয় কী ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্য-সমালোচনামূলক প্রবন্ধগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা কবিতায় কবি ঈশ্বর গুপ্তের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(গ) বাংলা গদ্যের ইতিহাসে রামমোহন রায়ের ভূমিকা আলোচনা করো।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলির নাম উল্লেখ করো। এই ধারায় তাঁর কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) সামাজিক উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

(চ) টীকা লেখোঃ অপিনিহিতি, অভিশ্রুতি।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের বলাকা পর্বের কাব্যগুলির বিশিষ্টতা বুঝিয়ে দাও।

(গ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) তোমার অঞ্চলে প্রচলিত উপভাষার নাম কী ? সেই উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

——×——

Maynaguri College Library